



Since-1986

পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র

বাড়ী নং-৫৪৮, রোড নং-১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

ফোনঃ ৫৮১৫১১২৬, ৯১২৮৮২৪, ০১৭৭৭৯১১২২, E-mail: pmuk@padakhep.org, info@padakhep.org, web: www.padakhep.org

স্মারক নংঃ পদ/পক/এইচ.আর এন্ড এডমিন/২০২০/৩১৬৪

তারিখ : ০৪/১১/২০২০ খ্রিস্টাব্দ

অফিস সার্কুলার

বিষয় : করোনা ভাইরাস (কোভিড-১৯) জনিত কারণে বিশেষ বিবেচনায় মাঠ পর্যায়ে কর্মরত কমিউনিটি ম্যানেজার ও ব্রাঞ্চ অফিসার (লোন) দের জ্বালানী ও রক্ষণাবেক্ষণ ভাতা প্রদানের ক্ষেত্রে সংশোধনী প্রসঙ্গে।

স্মারক সূত্র : পদ/পক/এইচ.আর এন্ড এডমিন/২০২০/২২৫১, তারিখ : ২৭/০৭/২০২০ খ্রিস্টাব্দ।

ক. বর্ণিত স্মারক সূত্রের অনুচ্ছেদ খ.৩.১ মোতাবেক দাপ্তরিক কাজে নিজস্ব মোটর সাইকেল ব্যবহার করা সাপেক্ষে কমিউনিটি ম্যানেজারদের বেলায় প্রতি মাসে ন্যূনতম বকেয়া মুক্ত ঋণস্থিতি ৭০ লক্ষ টাকা এবং ব্রাঞ্চ অফিসার (লোন) দের বেলায় ন্যূনতম বকেয়া মুক্ত ঋণস্থিতি ৮০ লক্ষ টাকা বজায় থাকা সাপেক্ষে মাসিক ১,৩০০/- (এক হাজার তিন শত) টাকা হারে জ্বালানী ও রক্ষণাবেক্ষণ ভাতা প্রদান চলমান আছে।

খ. বর্তমানে অফিস সার্কুলার (স্মারক নং-পদ/পক/এমএফপি/২০২০/২৪৮১, তারিখঃ ২২/১০/২০২০ খ্রিস্টাব্দ) মোতাবেক অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ মাস থেকে সংস্থার প্রচলিত নিয়ম অনুযায়ী ঋণের আদায়যোগ্য ধরে কার্যক্রম শুরু হবার দরুণ বকেয়া মুক্ত ঋণস্থিতি হ্রাস পাওয়ায় দাপ্তরিক কাজে নিজস্ব মোটর সাইকেল ব্যবহারকারী কমিউনিটি ম্যানেজার ও ব্রাঞ্চ অফিসার (লোন) দের বকেয়া মুক্ত ঋণস্থিতির নির্ধারিত শর্ত পূরণ করে তাদেরকে জ্বালানী ও রক্ষণাবেক্ষণ ভাতা প্রদান বাধাগ্রস্ত হচ্ছে। অর্থাৎ তারা দাপ্তরিক কাজে নিজস্ব মোটর সাইকেল ব্যবহার করা সত্ত্বেও বকেয়া মুক্ত ঋণস্থিতির নির্ধারিত মান বজায় না থাকার কারণে জ্বালানী ও রক্ষণাবেক্ষণ ভাতা পাচ্ছে না।

গ. এমতাবস্থায়, ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্তের আলোকে দাপ্তরিক কাজে নিজস্ব মোটর সাইকেল ব্যবহারকারী কমিউনিটি ম্যানেজার ও ব্রাঞ্চ অফিসার (লোন) দের জ্বালানী ও রক্ষণাবেক্ষণ ভাতা প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত সংশোধনী আনা হয়েছে-

গ.১ কমিউনিটি ম্যানেজার পদে কর্মরত কর্মীদের বেলায় প্রতি মাসে বকেয়া মুক্ত ঋণস্থিতি ৭০ লক্ষ টাকার স্থলে মোট ঋণস্থিতি (Total Loan Outstanding) ন্যূনতম ৮০ (আশি) লক্ষ টাকা বজায় থাকতে হবে।

গ.২ ব্রাঞ্চ অফিসার (লোন) পদে কর্মরত কর্মীদের বেলায় বকেয়া মুক্ত ঋণস্থিতি ৮০ লক্ষ টাকার স্থলে মোট ঋণস্থিতি (Total Loan Outstanding) ন্যূনতম ১ (এক) কোটি টাকা বজায় থাকতে হবে।

গ.৩ ঋণস্থিতির এ সংশোধিত শর্ত পূরণ সাপেক্ষে মাসিক ১,৩০০/- (এক হাজার তিন শত) টাকা হারে জ্বালানী ও রক্ষণাবেক্ষণ ভাতা প্রাপ্য হবেন।

ঘ. এছাড়া এতদ সংক্রান্ত বিষয়ে ইতিপূর্বে জারীকৃত অফিস আদেশ / সার্কুলার / নির্দেশিকা-তে বর্ণিত অন্যান্য বিষয় ও শর্তাবলী সমূহ অপরিবর্তিত থাকবে।

ঙ. এ অফিস আদেশ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ মাস হতে কার্যকর বলে বিবেচিত হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

সংশ্লিষ্ট সকলকে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

Usums

(মোঃ সালেহ বিন সামস)

নির্বাহী পরিচালক

অনুলিপি (ই-মেইলে প্রেরিত হলো):

- ১) পরিচালক (মাইক্রোফিন্যান্স), প্রধান কার্যালয়।
- ২) প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা / কর্মী বৃন্দ।
- ৩) ব্যবস্থাপক, আই.সি.টি বিভাগ (সংস্থার ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৪) সকল জোন / এরিয়া / ব্রাঞ্চ অফিস, পদক্ষেপ।
- ৫) অফিস কপি।